**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২৬ নভেম্বর ২০১৫, ১২ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পরাজিত শক্তি সম্পর্কে সচেতন হতে নতুন প্রজন্মের প্রতি রাষ্ট্রপতির আহ্বান
২। ক্ষুদ্রঋণের সুদের বোঝা বড় বাধা : প্রধানমন্ত্রী
৩। জিএসপি ফেরত না দেওয়ার কোনো কারণ নেই : বাণিজ্যমন্ত্রী
৪। পদ্মা সেতুর মূল পাইলিং ১২ ডিসেম্বর উদ্বোধন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৫। প্যারিস জলবায়ু শীর্ষ সম্মেলনে ক্ষতি মোকাবিলায় অনুদান চাইবে বাংলাদেশ : পরিবেশ ও বনমন্ত্রী
৬। কমিউনিটি রেডিও তৃণমূলে উন্নয়নে ভূমিকা রাখছে : তথ্যমন্ত্রী
৭। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে তিন সেতু ও এক ফ্লাইওভার নির্মাণে চুক্তি সই
৮। সীমান্ত সন্ত্রাস বন্ধে বাংলাদেশ-ভারত ঐকমত্য : চট্টগ্রাম-রাজশাহীতে জেলা প্রশাসক পর্যায়ে বৈঠক
৯। ভ্রাম্যমাণ আদালতের ১১টি ধারা কেন অসাংবিধানিক নয় : হাইকোর্ট
১০। বিশিষ্ট ব্যক্তিদের হুমকিদাতা ও আইএসের প্রচারকারী গ্রেফতার
১১। ছাত্রী ধর্ষণের দায়ে পরিমলের যাবজ্জীবন
১২। মাছ উৎপাদনে এবারও বিশ্বে পঞ্চম বাংলাদেশ

চলমান পাতা/২

**১। পরাজিত শক্তি সম্পর্কে সচেতন হতে নতুন প্রজন্মের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ঐতিহাসিক স্বাধীনতা যুদ্ধ সম্পর্কে তরুণ প্রজন্মকে সচেতন করতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, পরাজিত শক্তি এখনও তরুণ প্রজন্মকে ভুল পথে পরিচালনার চেষ্টা করছে। রাষ্ট্রপতি গতকাল ২৫ নভেম্বর বুধবার খুলনা বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তনে বক্তৃতাকালে বলেন, 'তরুণদের অবশ্যই স্বাধীনতা যুদ্ধের সত্যিকারের ইতিহাস জানতে হবে। ছাত্রদের দেশের ইতিহাস জানতে সহায়তা করা শিক্ষাবিদদের দায়িত্ব।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ডেইলি অবজারভার** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**২। ক্ষুদ্রঋণের সুদের বোঝা বড় বাধা : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সুদের চাপে সঞ্চয় থাকে না বলেই ক্ষুদ্রঋণ ব্যবস্থায় গ্রহীতাদের পক্ষে দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে আসা সম্ভব হয় না। এ কারণে সরকার 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর সঞ্চয় বৃদ্ধি ও পল্লী কর্মসংস্থান ব্যাংক সৃষ্টির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর ঋণের ব্যবস্থা করেছে। একই সঙ্গে খামার থেকে তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ, সঞ্চয়ে উৎসাহিত এবং ক্ষুদ্র সঞ্চয়ের ব্যবস্থা করা হয়েছে। গতকাল ২৫ নভেম্বর বুধবার গণভবন থেক এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে লালমনিরহাটের প্রত্যান্ত দহগ্রাম ও আঙ্গরপাতায় গ্রামীণ ফোনের থ্রিজি নেটওয়ার্ক উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ডেইলি অবজারভার** (শেষ পৃ.,ক.৪)।

**৩। জিএসপি ফেরত না দেওয়ার কোনো কারণ নেই : বাণিজ্যমন্ত্রী**

স্থগিত থাকা মার্কিন অগ্রাধিকারমূলক বাজারে সুবিধা জিএসপি ফেরত পাওয়ার বিষয়ে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, জিএসপি ফেরত দেওয়া না হলে দু'দেশের ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কো-অপারেশন ফ্রেমওয়ার্ক অ্যাগ্রিমেন্ট বা টিকফা যে অর্থহীন মার্কিন কর্তৃপক্ষ সেটা বুঝতে পেরেছে। ওয়াশিংটনে গত ২৪ নভেম্বর মঙ্গলবার শেষ হওয়া টিকফা বৈঠকে যুক্তরাষ্ট্রের দেওয়া ১৬ শর্তের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়েছে। ফলে জিএসপি ফেরত না দেওয়ার আর কোনো কারণ নেই। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৪। পদ্মা সেতুর মূল পাইলিং ১২ ডিসেম্বর উদ্বোধন : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ১২ ডিসেম্বর মাওয়া পয়েন্টে পদ্মা সেতুর মূল পাইলিং ও নদী শাসনের কাজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দক্ষিণাঞ্চলের মানুষ অপেক্ষায় ছিল কবে পদ্মা সেতুর মূল পাইলিং কাজ শুরু হবে। সেই মাহেন্দ্রক্ষণ চলে এসেছে। বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা জাতির কাঙ্ক্ষিত স্বপ্ন পূরণ করতে যাচ্ছেন। তিনি গতকাল ২৫ নভেম্বর বুধবার মুন্সীগঞ্জের মাওয়ায় পদ্মা সেতুর কনস্ট্রাকশন এরিয়া পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ডেইলি অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।

**৫। প্যারিস জলবায়ু শীর্ষ সম্মেলনে ক্ষতি মোকাবিলায় অনুদান চাইবে বাংলাদেশ : পরিবেশ ও বনমন্ত্রী**

আসন্ন জলবায়ু শীর্ষ সম্মেলনে জলবায়ুর ক্ষয়ক্ষতি মোকাবিলায় বাংলাদেশ ঋণের পরিবর্তে অনুদান প্রদানের দাবি জানাবে। উন্নত দেশ এবং দাতা সংস্থাগুলোর কাছে বাংলাদেশের পক্ষ থেকে এ দাবি তোলা হবে বলে পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু জানিয়েছেন। গতকাল ২৫ নভেম্বর বুধবার সচিবালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, জলবায়ু পরিবর্তনের ক্ষতি মোকাবিলায় উন্নত দেশ এবং বহুজাতিক আর্থিক সংস্থাগুলো থেকে বাংলাদেশ ঋণ পেয়ে আসছে। কিন্তু প্যারিস সম্মেলনে বাংলাদেশ ঋণের পরিবর্তে অনুদানের বিষয়টিকে প্রাধান্য দেবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**৬। কমিউনিটি রেডিও তৃণমূলে উন্নয়নে ভূমিকা রাখছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তৃণমূল জনগণকে টেকসই উন্নয়নের ধারায় সম্পৃক্ত করতে কমিউনিটি রেডিও সক্রিয় ভূমিকা রাখছে। কমিউনিটি রেডিও হলো তৃণমূল জনগণের সঙ্গে সরকারের সেতুবন্ধ। গতকাল ২৫ নভেম্বর বুধবার রাজধানীর কল্যাণপুরে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত 'কমিউনিটি রেডিওর সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক পাঁচ দিনের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ইনস্টিটিউটের মহাপরিচালক এ কে এম শামীম চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪)।

চলমান পাতা/৩

**৭। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে তিন সেতু ও এক ফ্লাইওভার নির্মাণে চুক্তি সই**

কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় সেতু এবং কাঁচপুরে একটি ফ্লাইওভার নির্মাণে ঠিকাদারদের সঙ্গে চুক্তিসই করেছে সড়ক ও জনপথ অধিদফতর। জাইকার অর্থায়নে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে প্রায় সাড়ে ৮ হাজার কোটি টাকা ব্যয়ে এগুলো নির্মাণ করা হবে। গতকাল ২৫ নভেম্বর বুধবার রাজধানীর একটি হোটেলে নির্বাচিত নির্মাণ ঠিকাদারদের সঙ্গে চুক্তি হয়। এতে প্রধান অতিথি হিসেবে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের উপস্থিত ছিলেন। সড়ক ও জনপথ অধিদফতরের পক্ষে প্রধান প্রকৌশলী এম ফিরোজ ইকবাল এবং নির্মাণ ঠিকাদার প্রতিষ্ঠানের পক্ষে তাদের মনোনীত প্রতিনিধি জেন্টা টাবে চুক্তিতে সই করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৬)।

**৮। সীমান্ত সন্ত্রাস বন্ধে বাংলাদেশ-ভারত ঐকমত্য : চট্টগ্রাম-রাজশাহীতে জেলা প্রশাসক পর্যায়ে বৈঠক**

সীমান্তে চোরাচালান, অপহরণ, অস্ত্রবাজিসহ নানা রকম সন্ত্রাস বন্ধে বাংলাদেশ ও ভারত ঐকমত্যে পৌঁছেছে। গতকাল ২৫ নভেম্বর বুধবার চট্টগ্রাম ও রাজশাহীতে দুই দেশের যৌথ সীমান্ত সম্মেলনে এ সিদ্ধান্ত নেওয়া হয়। চট্টগ্রাম ব্যুরো জানায়, গতকাল ২৫ নভেম্বর বুধবার চট্টগ্রামের সার্কিট হাউসে জেলা প্রশাসক পর্যায়ে দ্বিতীয় যৌথ সীমান্ত সম্মেলন শেষে দুই দেশের প্রতিনিধি দলের নেতৃত্বদানকারী কর্মকর্তারা সীমান্তে সন্ত্রাস বন্ধে ঐকমত্যে পৌঁছেছেন বলে জানিয়েছেন। সম্মেলনে সীমান্তে সন্ত্রাস বন্ধে দুই দেশের জেলা প্রশাসক পর্যায়ে নিয়মিত যোগাযোগের ওপরও গুরুত্ব দেওয়া হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৯। ভ্রাম্যমাণ আদালতের ১১টি ধারা কেন অসাংবিধানিক নয় : হাইকোর্ট**

নির্বাহী ম্যাজিস্ট্রেট দ্বারা পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের ১১টি ধারা কেন অসাংবিধানিক ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। গতকাল ২৫ নভেম্বর বুধবার বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি এস এইচ মো. নুরুল হুদা জায়গীরদারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। বিশিষ্ট ব্যক্তিদের হুমকিদাতা ও আইএসের প্রচারকারী গ্রেফতার**

সমাজের গুরুত্বপূর্ণ নাগরিক ও রাজনীতিবিদসহ ১৫৩ বিশিষ্ট ব্যক্তিকে ইসলামিক স্টেট (আইএস) ও আনসারুল্লাহ বাংলা টিমের (এবিটি) নামে হত্যার হুমকি দিয়ে আসছিল আবদুল হক নামে এক জামায়াত কর্মী। গত ২৪ নভেম্বর মঙ্গলবার রাজধানীর তেজগাঁও এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গতকাল ২৫ নভেম্বর বুধবার ডিএমপি মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে যুগ্ম কমিশনার (ডিবি) মনিরুল ইসলাম এসব তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮)। **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। ছাত্রী ধর্ষণের দায়ে পরিমলের যাবজ্জীবন**

ভিকারুননিসা নূন স্কুলের বসুন্ধরা শাখার এক শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রতিষ্ঠানটির শিক্ষক পরিমল জয়ধরের যাবজ্জীবন কারাদণ্ডের রায় দিয়েছে ট্রাইব্যুনাল। গতকাল ২৫ নভেম্বর বুধবার ঢাকার চার নম্বর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সালেহ উদ্দিন আহমেদ এ রায় ঘোষণা করেন। যাবজ্জীবন দণ্ডের পাশাপাশি একই সঙ্গে তার ৫০ হাজার টাকা জরিমানা এবং জরিমানা অনাদায়ে তার আরও ছয় মাসের কারাদণ্ডের নির্দেশও দিয়েছে ট্রাইব্যুনাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১, ক.১), **সমকাল** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার, নিউ এজ, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১২। মাছ উৎপাদনে এবারও বিশ্বে পঞ্চম বাংলাদেশ**

প্রায় ১৬ কোটি জনসংখ্যার এই ছোট্ট দেশটি এ বছরও মিষ্টি পানিতে মাছ উৎপাদনে বিশ্বের পঞ্চম স্থানটি ধরে রেখেছে। গত আগস্টে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) তাদের কৃষিবিষয়ক বৈশ্বিক পরিসংখ্যান প্রতিবেদন এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্যাল হ্যান্ডবুক-২০১৫ তে এ তথ্য উল্লেখ করা হয়েছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.৭)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, যায়যায়দিন, সমকাল** : নির্বাচন কমিশনের পৌরসভা নির্বাচনের তফসিল ঘোষণা করার কথা উল্লেখ করে সব দলের অংশগ্রহণে একটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে ভোটাররা পছন্দসই প্রতিনিধি বেছে নিতে পারবেন এই প্রত্যাশা ব্যক্ত;

চলমান পাতা/৪

খ. **ইত্তেফাক :** যশোর-খুলনা পানি নিষ্কাশন ও পুনর্বাসন প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে গঠিত সমিতির লোকজনের জন্য সামাজিক বনায়ন প্রকল্পের আওতায় পানি উন্নয়ন বোর্ডের বেড়িবাঁধের দুই পাশে সারিবদ্ধ বাবলা গাছগুলি প্রভাবশালী বাহিনী কেটে নেওয়ায় উদ্বেগ প্রকাশ করে প্রকল্পভুক্ত দরিদ্র মানুষদের অধিকার সংরক্ষণ করতে সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

গ. **জনকণ্ঠ, ইনকিলাব :** হাতে লেখা পাসপোর্টের মেয়াদ শেষ হওয়াতে বাংলাদেশের বাইরে বিশ্বের কোন দেশের বিমানবন্দরেই আর প্রচলিত ধারার হস্তলিখিত পাসপোর্ট গ্রহণযোগ্য হবে না উল্লেখ করে এমআরপি না পাওয়া প্রবাসীদের হাতে দ্রুত তা পৌঁছে দেওয়ার সুপারিশ;

ঘ. **সংবাদ :** দেশের সড়ক মহাসড়কগুলোর রক্ষণাবেক্ষণে চাহিদার ২৫ শতাংশ বরাদ্দ পাওয়া না যাওয়ায় জাতীয় স্বার্থে দেশের অর্থনীতি ও জনগণের স্বার্থে খানাখন্দে ভরা সড়ক মহাসড়কগুলোর সংস্কারে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুপারিশ;

ঙ. **যুগান্তর :** রোগীর নিশ্চিত মৃত্যু জেনেও জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতালের কার্ডিয়াক সার্জারি বিভাগে মেয়াদোত্তীর্ণ হার্ট লাংপ্যাক ব্যবহৃত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে যেসব অসাধু চিকিৎসক ও টেকনিশিয়ান উল্লিখিত উপকরণের প্যাকে সাঁটানো মেয়াদ বিষয়ক কাগজ ছিঁড়ে ফেলার মতো অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত আছে তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থার দাবি;

চ. **নিউ নেশন, ডেইলি স্টার :** যৌতুকের কারণে নারী নির্যাতনের প্রকোপ বেড়ে যাওয়ায় এ ব্যাপারে কঠোর আইন প্রয়োগের সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রাইমারি শিক্ষাকে তথ্য প্রযুক্তির আওতায় আনার আগে শিক্ষকদের এক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ;

জ. **নিউজ টুডে :** রাজধানী ঢাকার বর্জ্য ব্যবস্থাপনা আধুনিক করার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে ইসলামের নামে জঙ্গি মতাদর্শমনা রাজনৈতিক দলগুলোকে বিলোপ করতে হবে যাতে জিহাদি শেকড় পৃথিবী থেকে হারিয়ে যায় বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জলবায়ু পরিবর্তনে বিরূপ প্রভাব মোকাবিলা'** শিরোনামের নিবন্ধে মুসাহিদ উদ্দিন আহমদ সারা পৃথিবীর মানুষ যেভাবে আজ খাদ্য শৈলী পরিবর্তন, সংযত জীবনাচার ও অপচয় রোধের মাধ্যমে পরিবেশ সুরক্ষার অঙ্গীকার গ্রহণ করেছে বাংলাদেশের মানুষকেও আজ তাদের সাথে একাত্ম হতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা